

**নিয়োগপত্র**

জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত ১৩তম গ্রেডের সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর পদে নিম্নবর্ণিত প্রার্থীদের তাদের নামের পার্শ্বে বর্ণিত পদ ও বেতন স্কেলে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো :

ক্রমিক নং	প্রার্থীর রোল নম্বর	নাম, পিতা ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	পদের নাম	বেতনস্কেল (জা.বে. স্কেল/২০১৫ অনুযায়ী)
০১	৮০১০০২৫৪	মোঃ আবু বসির, পিতা-আব্দুল ওহাব, মাতা-সুরাইয়া আক্তার	গ্রাম- বড় পাইকুড়া, পোঃ তেতুলিয়া-২৪৪৬, উপজেলা- মোহনগঞ্জ, জেলা-নেত্রকোনা	সাঁট-মুদ্রাক্ষরিক কাম- কম্পিউটার অপারেটর	১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩)
০২	৮০১০১১৬৫	গণেশ চন্দ্র মন্ডল, পিতা- নারায়ন চন্দ্র মন্ডল, মাতা- পারুল রানী মন্ডল	গ্রাম-বড়দল দক্ষিণপাড়া, বড়দল, ডাকঘর-বড়দল-৯৪৬১, উপজেলা-আশাশুনি, জেলা- সাতক্ষীরা		
০৩	৮০১০০১৭৯	মোঃ সোহাগ রানা, পিতা-মোঃ আব্দুল জলিল, মাতা-মোছাঃ বুলুন বিবি	বাসা-মধ্যপাড়া, গ্রাম-সরিজপুর, ডাকঘর-দুবলহাটা-৬৫০০, উপজেলা- নওগাঁ সদর, জেলা- নওগাঁ		
০৪	৮০১০১৫৯৫	পারমিতা জামাল রুমা, পিতা- জামাল উদ্দিন, মাতা-বেগম সুরাইয়া	বাসা-মতিউর রহমানের বাড়ী, গ্রাম-সৈয়দেরগাঁও, ডাকঘর- হাতিরদিয়া ১৬৫১, উপজেলা- মনোহরদী, জেলা-নরসিংদী		
০৫	৮০১০০৪২৯	রেশমা আক্তার, পিতা-আঃ রহিম বেপারি, মাতা-সালমা বেগম	গ্রাম-পশ্চিম শ্যামপুর, ডাকঘর- সদরপুর, উপজেলা-সদরপুর, জেলা-ফরিদপুর		
০৬	৮০১০০১৬১	মোঃ ওয়ালিউর রহমান, পিতা- মোঃ আকবর আলী, মাতা- মোছাঃ রাবেয়া বেগম	গ্রাম-মিরপুর, ডাকঘর-বিষ্ণুপুর- ৫৭০০, উপজেলা-গাইবান্ধা সদর, জেলা-গাইবান্ধা		

**শর্তাবলী :**

- যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে।
- নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ২(দুই) বছরের জন্য শিক্ষানবীশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবীশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তার আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক কোন রকম কারণ দর্শানো ছাড়াই তাকে চাকুরী হতে অপসারণ করা হবে।
- শিক্ষানবিস কাল সন্তোষজনকভাবে সমাপনান্তে চাকুরীতে নিয়োগের তারিখ হতে স্থায়ী করা হবে;
- এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে সরকারি চাকুরীর প্রচলিত আইন, বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;
- চাকুরীতে নিয়োজিত থাকাকালে কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অন্যত্র চাকুরীর জন্য আবেদন করা বা কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করা যাবে না।
- চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

২। চাকুরীতে যোগদানকালে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিতে হবে :

- শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট এর মূল কপি (যাচাই বা বাছাইয়ের পর ফেরতযোগ্য);
- সিভিল সার্জন/মেট্রোপলিটন এলাকায় অবস্থান করলে সমপদমর্যাদার ডাক্তারের নিকট হতে মেডিকেল ফিটনেস সার্টিফিকেট;
- জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি;
- দুই কপি সম্প্রতি তোলা সত্যায়িত পাসপোর্ট সাইজের ফটো;
- সংশ্লিষ্ট কোটার সার্টিফিকেট এর মূল কপি (যাচাই বা বাছাইয়ের পর ফেরতযোগ্য);
- কোন দণ্ডর/সংস্থায় কর্মরত থাকলে সংশ্লিষ্ট অফিস প্রধানের ছাড়পত্র।

-০২-

৩। উপরের শর্তাবলী গ্রহণযোগ্য হলে আগামী ১১/০২/২০২০ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-বরাবর স্ব-শরীরে উপস্থিত হয়ে যোগদান পত্র দাখিলের জন্য অনুরোধ করা হলো। উল্লিখিত তারিখের মধ্যে যোগদান না করলে এ নিয়োগ পত্র বাতিল বলে গণ্য হবে।

৪। এই নিয়োগে সরকারের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।


স্বঃ-  
মোহাম্মদ সাইফুল ইসলাম মজুমদার  
উপসচিব  
ফোন : +৮৮০২-৯৫৭৪৫২৯  
[admin1@mhapsd.gov.bd](mailto:admin1@mhapsd.gov.bd)

নং-৪৪.০০.০০০০.০১৯.০২.০০২.১৭-৬৭

তারিখ : ২৮/০১/২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা।
- ৪। উপসচিব (প্রশাসন-২/নিরাপত্তা-২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। হিসাবরক্ষণ কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। সহকারী প্রোগ্রামার, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ১০। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। জনাব .....
- ১২। অফিস কপি/ব্যক্তিগত নথি।

  
মোহাম্মদ সাইফুল ইসলাম মজুমদার  
উপসচিব